

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংগাইর, মানিকগঞ্জ।


স্মারক নং ০৫.৩০.৫৬৮২.০০১.০১.০০৩.১৯- ৭৩৫

তারিখ : ১৪ আশ্বিন ১৪২৬
২৯ সেপ্টেম্বর ২০১৯

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৯ আগস্ট ২০১৯ তারিখ দিবাগত রাতে মানিকগঞ্জ জেলাধীন মিতরা এলাকা হতে গরু চুরি করে পিকআপ যোগে পালানোর সংবাদ পেয়ে এস আই (নিঃ) আল মামুন সিংগাইর উপজেলাধীন মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের সামনে চেকপোস্ট বসিয়ে চোরাই গরু সনাক্তের চেষ্টা করেন। ভোর রাত আনুমানিক ৩.৩০ ঘটিকায় উক্ত পিকআপকে থামানোর জন্য সিগন্যাল দিলে তারা সিগন্যাল অমান্য করে দ্রুত চলে যাওয়ার চেষ্টা করলে এস আই আল মামুন পিছন দিক দিয়ে পিকআপে উঠে পড়ে। এসময় পিকআপে থাকা চোরেরা এস আই (নিঃ) কে মারপিট করলে তিনি আত্মরক্ষার্থে নিজ নামে ইস্যুকৃত সরকারী পিস্তল ৯MM পিস্তল নং THS70667 দিয়ে ১০(দশ) রাউন্ড ফাঁকা গুলি বর্ষন করেন। আইন-শৃংখলা রক্ষার্থে নিয়োজিত পুলিশ কর্তৃক গুলি বর্ষণের বিষয়ে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ এর ১৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ০৫.৩০.৫৬০০.৪০২.০৬.০২৫.১৯-৫৭৯(সং) নং স্মারকের প্রেক্ষিতে পিআরবি'র ১৫৭ প্রবিধান অনুযায়ী আগামী ০৯ অক্টোবর ২০১৯ তারিখ (রোজ বুধবার) সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নির্বাহী তদন্ত (Executive Enquiry) করা হবে।

তদন্তকালে সংশ্লিষ্ট সকলকে স্বাক্ষর প্রমানাদিসহ আগামী ০৯ অক্টোবর ২০১৯ তারিখ (রোজ বুধবার) সকাল ১০.০০ ঘটিকায় সিংগাইর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিংগাইর, মানিকগঞ্জ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(রাহেলা রহমত উল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
সিংগাইর, মানিকগঞ্জ।